# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫০৭

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ নিশ্চয়ই মানুষকে খাদ্য খাওয়ানো ঈমানের অন্তর্ভূক্ত মর্মে হাদীস

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ إِطْعَامَ الطَّعَامِ من الإيمان

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ مُحَمَّدِ بْنِ مَنْصُورٍ عَنْ مَنْصُورُ بْنُ أَبِي مُزَاحِمٍ قَالَ: حَدَّثَنَا أَبُو الْأَحْوَصِ عَنْ أَبِي حُصَيْنٍ عَنْ أَبِي صَالِحٍ: عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَنْ كَانَ يُؤْمِنُ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ فَلْيُكْرِمْ ضَيْفَهُ وَمَنْ كَانَ يُؤْمِنُ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ فَلَا يُؤْذِي جَارَهُ وَمَنْ كَانَ يُؤْمِنُ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ فَلْيَقُلْ خيراً أَو لِيَسْكُتْ.)

الراوي : أَبو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 507 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৫০৭. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “যে ব্যক্তি আল্লাহ ও পরকালের প্রতি বিশ্বাস রাখে, সে যেন তার প্রতিবেশীকে কষ্ট না দেয়, যে ব্যক্তি আল্লাহ ও পরকালের প্রতি বিশ্বাস রাখে, সে যেন তার মেহমানকে সম্মান করে এবং যে ব্যক্তি আল্লাহ ও পরকালের প্রতি বিশ্বাস রাখে, সে যেন কল্যানকর কথা বলে নতুবা চুপ থাকে।”[1]

قَالَ أَبُو حَاتِمٍ: أَبُو الْأَحْوَصِ سَلَّامُ بْنُ سُلَيْمٍ وَأَبُو حُصَيْنٍ: عُثْمَانُ بْنُ عَاصِمٍ وَأَبُو صَالِحٍ: ذَكْوَانُ السَّمَّانُ وَأَبُو هُرَيْرَةَ: عَبْدُ اللَّهِ بن عمرو الدوسي.

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন: “আবুল আহওয়াস হলেন সাল্লাম বিন সুলাইম, আবু হুসাইন হলেন উসমান বিন ‘আসিম, আল সালিহ হলেন যাকওয়ান বিন সাম্মান, আবু হুরাইরা হলেন আব্দুল্লাহ বিন আমর আদ দাওসী।”

## ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৮/৫৪৬; আদাবুল মুফরাদ: ৬০১৮; সহীহ মুসলিম: ৪৭; ইবনু মান্দাহ, আল ঈমান: ৩০০; মুসনাদ আহমাদ: ২/৪৬৩; বাযযার: ২০৩১; মাজমা‘উয যাওয়াইদ: ৮/৭৫।

হাদীসটিকে আল্লামা শু‘আইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ২৫২৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88971

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন